EYE CARE PROGRAM
Manabik Shahajya Sangstha
আই কেয়ার প্রোগ্রাম

# ইসিপি বার্তা

## এক নজরে আই কেয়ার প্রোগ্রাম

| জুন ২০২৬ | | সর্বমোট (জুলাই ২০১৪ - জুন ২০২৬) |
|---|---|---|
| চক্ষু শিবির | ৬ | ৫২৭ |
| চক্ষু পরীক্ষা | ১০৯৬ | ২৩৩৪৩৭ |
| চশমা বিতরণ | ৪১৫ | ৪৭৭৩৫ |
| ঔষধ বিতরণ | ২১০ | ৫৮৪৩ |
| ছানি অপারেশন | ২৪১ | ২৩৩৭৪ |






## মাসব্যাপী বিনামূল্যে ২৪১ রোগীর ছানি অপারেশন ও ২১৫৬ জনকে চক্ষু পরীক্ষা প্রদান

জুন মাসজুড়ে দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর দোরগোড়ায় চক্ষুসেবা পৌঁছে দিতে আই কেয়ার প্রোগ্রাম (ইসিপি)-এমএসএস সারাদেশে ৬টি বিনামূল্যের আই ক্যাম্প এবং ৫টি স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম সফলভাবে পরিচালনা করেছে। ঢাকা, জয়পুরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড়সহ বিভিন্ন এলাকায় আয়োজিত এসব কর্মসূচির মাধ্যমে মোট ২,১৫৬ জন রোগী বিনামূল্যে চক্ষু পরীক্ষা সেবা পেয়েছেন। এর মধ্যে ৪১৫ জনকে চশমা এবং ২১০ জন শিক্ষার্থীকে প্রয়োজনীয় ওষুধ প্রদান করা হয়েছে। পাশাপাশি চক্ষুস্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ২,১০০টি ফ্লায়ার ও পোস্টার বিতরণ করা হয়। ক্যাম্পগুলোতে ৩১৬ জনের চোখে ছানি শনাক্ত হয় এবং চূড়ান্ত পরীক্ষার পর ২৪১ জন রোগীর বিনামূল্যে ছানি অপারেশন সম্পন্ন করা হয়। এছাড়াও রোগীদের প্রয়োজনীয় পরামর্শ ও পরবর্তী চিকিৎসা গ্রহণের বিষয়ে দিকনির্দেশনা প্রদান করা হয়, যাতে তারা দীর্ঘমেয়াদে সুস্থ দৃষ্টিশক্তি বজায় রাখতে পারেন। এ উদ্যোগ দৃষ্টিশক্তি সংরক্ষণ এবং প্রান্তিক জনগোষ্ঠীর জন্য মানসম্মত চক্ষুসেবা নিশ্চিত করতে ইসিপি-এমএসএস-এর ধারাবাহিক প্রচেষ্টার আরেকটি গুরুত্বপূর্ণ মাইলফলক।

## বিনামূল্যে ছানি অপারেশনে চোখে আলো ফিরে পেলেন রোকেয়া

রোকেয়া একজন ৭০ বছর বয়সী অসচ্ছল নারী। তিনি গ্রামের একটি নিম্নআয়ের পরিবারে বসবাস করেন এবং দীর্ঘদিন ধরে আর্থিক সংকটের কারণে প্রয়োজনীয় চিকিৎসাসেবা গ্রহণ করতে পারেননি। প্রায় ছয় মাস ধরে তিনি বাম চোখে ছানিজনিত সমস্যায় ভুগছিলেন। ধীরে ধীরে তার চোখে ঝাপসা দেখা শুরু হয়, ফলে রান্নাবান্না, ঘরের কাজ, চলাফেরা এবং দৈনন্দিন স্বাভাবিক কর্মকাণ্ড পরিচালনা করা তার জন্য অত্যন্ত কষ্টকর হয়ে ওঠে। পরিবারের সীমিত আয় এবং চিকিৎসা ব্যয়ের ভার বহন করতে না পারায় তিনি সময়মতো হাসপাতালে যেতে পারেননি। পরবর্তীতে এমএসএস আই কেয়ার প্রোগ্রামের মাধ্যমে তার সমস্যাটি শনাক্ত হয় এবং তাকে বিশেষায়িত চিকিৎসার জন্য রেফার করা হয়। চিকিৎসকের পরামর্শ অনুযায়ী তার অপারেশনের ব্যবস্থা করা হয়েছে, যা তাকে পুনরায় স্বাভাবিক ও আত্মনির্ভরশীল জীবনযাপনে সহায়তা করেছে।






## মিরপুরে ২৮৬ জন সুবিধাবঞ্চিত শিক্ষার্থীকে বিনামূল্যে চক্ষুসেবা প্রদান

দৃষ্টির সীমাবদ্ধতা যেন কোনো শিশুর শিক্ষা ও স্বাভাবিক বিকাশে বাধা হয়ে না দাঁড়ায় এই লক্ষ্য নিয়ে আই কেয়ার প্রোগ্রামের উদ্যোগে এবং রোটারি ক্লাবের আর্থিক সহায়তায় সম্প্রতি মিরপুরের অভিযাত্রিক স্কুলে একটি বিনামূল্যে স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম আয়োজন করা হয়। এ কর্মসূচির মাধ্যমে অভিযাত্রিক স্কুল ও রূপনগর উচ্চ বিদ্যালয়ের মোট ২৮৬ জন শিক্ষার্থী এবং ১৯ জন শিক্ষক বিনামূল্যে চক্ষু পরীক্ষা ও প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করেন। এছাড়া ৩২ জনকে চশমা, ৪৫ জনকে প্রয়োজনীয় ওষুধ প্রদান করা হয় এবং ছানি শনাক্ত হওয়া ১ জন শিক্ষার্থীকে উন্নত চিকিৎসার জন্য রেফার করা হয়। এ উদ্যোগ শিশুদের চোখের স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধি, সময়মতো সমস্যা শনাক্তকরণ এবং প্রয়োজনীয় চিকিৎসাসেবা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এই উদ্যোগ বাস্তবায়নে সহযোগিতাকারী সকল দাতাদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা, যাদের সহায়তায় হাজারো শিক্ষার্থী স্বাভাবিক দৃষ্টিশক্তি ফিরে পাচ্ছেন পাচ্ছেন।

MSS
Working for the People
প্রকাশনায়ঃ মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিট - মানবিক সাহায্য সংস্থা
মোবাইলঃ ০১৭৩০০২৪০৩৩ ইমেইলঃ eyecareprogram.mss@gmail.com
Eye Care Program-MSS
www.mssbd.org/our-program/eye-care-program
Eye Care Program MSS